



বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
রেটিং শাখা
নন-লাইফ অনুবিভাগ
www.idra.org.bd

স্মারক নং-৫৩.০৩.০০০০.০০০.০৫৫.৫৯.০০০১.২০২৫.২০২

তারিখ: ২৪/১২/২০২৫ খ্রি.


বিষয়: Application for Fire Package Rate Approval.

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু নন-লাইফ বীমাকারী ফায়ার প্যাকেজ রেট আবেদনের ক্ষেত্রে কর্তৃপক্ষের জারিকৃত নন-লাইফ সার্কুলার নং: এফ-১২২/২০১০ তারিখ: ২৮ নভেম্বর ২০১০ এবং সার্কুলার নং: নন-লাইফ-৮৮/২০২২ তারিখ: ১৩/০২/২০২২ এর আলোচ্যসূচী-২৩ এ প্যাকেজ রেটের গাইড লাইন সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ না করেই আনুষঙ্গিক কাগজপত্র ছাড়া কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য আবেদন করা হচ্ছে। এতে করে কর্তৃপক্ষের কাজের ব্যাঘাত ঘটছে। কর্তৃপক্ষের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের নিমিত্ত কোম্পানিসমূহকে ফায়ার প্যাকেজ রেট আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে আবেদন দাখিল করার জন্য সকল নন-লাইফ বীমাকারীকে অনুরোধ করা যাচ্ছে।

- (ক) নন-লাইফ সার্কুলার নং: এফ-১২২/২০১০ তারিখ: ২৮ নভেম্বর ২০১০ অনুযায়ী সকল তথ্যাদি দাখিল করতে হবে;
- (খ) সার্কুলার নং: নন-লাইফ-৮৮/২০২২ তারিখ: ১৩/০২/২০২২ এর আলোচ্যসূচী-২৩ এ প্যাকেজ রেটের গাইড লাইন সংক্রান্ত সার্কুলার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (গ) আবেদনের সাথে আলাদা Annexure এ Sum Insured এর বিস্তারিত ব্যাখ্যা দাখিল করতে হবে;
- (ঘ) রিইস্যুরেন্সের ক্ষেত্রে সাধারণ বীমা কর্পোরেশনের রিইস্যুরেন্সের স্বীকৃতি পত্র এবং ওভারসিজ রিইস্যুরারের Fac. Acceptance Slip সংযুক্ত করে দাখিল করতে হবে;
- (ঙ) প্যাকেজ রেট এর ক্যালকুলেশন শীটে ট্যারিফ পেইজ উল্লেখপূর্বক তথ্যাদি দাখিল করতে হবে;
- (চ) Electrical Clause-‘B’ এর Value/Sum Insured উল্লেখপূর্বক তথ্যাদি দাখিল করতে হবে;
- (ছ) আবেদনের সাথে Fire Policy Schedule অবশ্যই দাখিল করতে হবে; এবং
- (জ) Average Rate ক্যালকুলেশন এর ক্ষেত্রে অবশ্যই Sum Insured এবং ট্যারিফ রেট পেইজ উল্লেখপূর্বক তথ্যাদি দাখিল করতে হবে।

২। উপরোল্লিখিত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশনাটি জারি করা হলো।


২৪/১২/২০২৫

(মনিরা বেগম)

(যুগ্মসচিব)

নির্বাহী পরিচালক (নন-লাইফ) ও

সদস্য সচিব, সিআরসি

ফোন: +৮৮-০২ ৪১০৫১৩৭৪


E-mail: ednonlife@idra.org.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) ব্যবস্থাপনা পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন, দিলকুশা, মতিঝিল, ঢাকা;
- ২) মুখ্য নির্বাহী কর্মকর্তা, সকল নন-লাইফ বীমা কোম্পানী, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

- ১) প্রেসিডেন্ট, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, ঢাকা;
- ২) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা;
- ৩) মিডিয়া এন্ড কমিউনিকেশন পরামর্শক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা;
- ৪) নেটওয়ার্ক এডমিনিস্ট্রেটর, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
- ৫) চেয়ারম্যান মহোদয়ের স্টাফ অফিসার, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬) সদস্য মহোদয়গণের সহকারী, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল, ঢাকা (সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য);
- ৭) সংশ্লিষ্ট নথি।



(মোঃ দেলোয়ার হোসেন ভূঁইয়া)

সহকারী পরিচালক, রেটিং (ফায়ার) শাখা

E-mail: dhhbhuiyan74@gmail.com